22


দৈনিক ইনকিলাব

তারিখ JUL 1 8 1999

পৃঃ কলাম


## সরকার মাদ্রাসা শিক্ষা বন্ধ করে দিতে চায়
### –ডাঃ ইয়াকুব আলী শরীফ

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** গত বুধবার পটুয়াখালীর বগা বন্দরস্থ ডাঃ ইয়াকুব শরীফ ডিগ্রী কলেজ মিলনায়তনে সিরাতুন নবী (সঃ) ও মাহফিল উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন বিএনপি নেতা, সাবেক সংসদ সদস্য প্রফেসর ডাঃ মোঃ ইয়াকুব আলী শরীফ। তিনি বলেন, বর্তমান অযোগ্য সরকার রাসূল (সঃ)-এর আদর্শ মুছে ফেলার ষড়যন্ত্র শুরু করেছে। মাদ্রাসা শিক্ষা ও আলেম ওলামাদের মাধ্যমে দেশে ইসলামের আদর্শ প্রচার হওয়াতে সরকার আজ শংকিত। তাই, তারা মাদ্রাসা শিক্ষা বন্ধ করে দিতে চায়। এই সরকার মাদ্রাসার শিক্ষক, আলেম, ঈমাম, ছাত্র ও কোরআনের হাফেজদের বিরুদ্ধে হত্যা ও অন্তর্ঘাতের মিথ্যা অভিযোগ চাপিয়ে দিচ্ছে এবং বিরোধী দলীয় হাজার হাজার নেতা-কর্মীর নামে মিথ্যা মামলা দায়ের করে তাদের গ্রেফতার করে তাদের উপর নির্যাতন চালানো হচ্ছে। তিনি আরো বলেন, সরকার জনগণের সাথে প্রতারণা করে রাষ্ট্রের সম্পদ বিদেশী প্রভুদের হাতে তুলে দিতে চাচ্ছে। তিনি আরও বলেন, মহানবী (সঃ) কোন দিন কাফেরদের সাথে আপোষ করেননি।

আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কলেজের প্রিন্সিপ্যাল মোহাম্মদ হানিফ, প্রভাষক আবুল কাশেম বিশ্বাস, আবদুর রব প্রমুখ।

## সরকার মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র করে দেশবাসীর সাথে বেঈমানী করেছে
### –মাদ্রাসা ছাত্র আন্দোলন

**স্টাফ রিপোর্টার ঃ** মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রতিবাদে বাংলাদেশ মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের দেশব্যাপী বিক্ষোভ মিছিলের অংশহিসেবে গতকাল যাত্রাবাড়ী, সায়েদাবাদ, শহীদ ফারুক রোড এলাকায় বিক্ষোভ মিছিল প্রদর্শন করে। মিছিলপূর্ব সমাবেশে মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের কেন্দ্রীয় আহবায়ক জনাব আব্দুর রহমান বলেন, বর্তমান ক্ষমতাসীন সরকার মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র করে দেশবাসীর সাথে বেইমানী করেছে। সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মহানগরী যুগ্ম আহবায়ক জনাব মুতাছিম বিল্লাহ, আব্দুর রাজ্জাক, আবু উবায়দা, মোস্তাফিজ খান, রাশিদুল ইসলাম, দেলোয়ার হোসাইন প্রমুখ।

জনাব রহমান বলেন, এ সরকার ইসলামের দোহাই দিয়ে ক্ষমতায় একের পর এক ইসলামবিদ্বেষী কার্যক্রম পরিচালনা করে চলেছে। মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র করছে। নেতৃবৃন্দ বলেন, আওয়ামী-বাকশালী সরকার আগুন নিয়ে খেলা শুরু করেছে, অবিলম্বে মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র বন্ধ করতে হবে। অন্যথায় বাংলার ছাত্র-জনতাকে সাথে নিয়ে এ সরকারের বিরুদ্ধে গণপ্রতিরোধ গড়ে তোলা হবে।